দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 03 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... 2 ...

# বেসরকারী মেডিক্যাল বিদেশী কোটায় আসন বৃদ্ধির সিদ্ধান্ত

স্টাফ রিপোর্টার ॥ বেসরকারী মেডিক্যাল ও ডেন্টাল কলেজে বিদেশী কোটায় আসন বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। চলতি বছর সকল বেসরকারী মেডিক্যাল ও ডেন্টাল কলেজের মালিকরা তাদের মোট আসনের ৫০ ভাগ আসনে বিদেশি শিক্ষার্থী ভর্তি করতে পারবেন। শিক্ষার্থী সঙ্কটের অজুহাত দেখিয়ে গত দু'বছর ধরে মেডিক্যাল ভর্তি পরীক্ষার ন্যূনতম পাস নম্বর কমানোর দাবি জানিয়ে আসছেন বেসরকারি মেডিক্যাল কলেজের মালিকরা। বিদেশী শিক্ষার্থী ভর্তিতে আসন বৃদ্ধির এই সরকারি সিদ্ধান্ত বেসরকারী মেডিক্যাল কলেজের শিক্ষার্থী সংকট পূরণে সহায়ক হবে বলে মনে করছেন বিশেষজ্ঞরা।'

স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ এ্যাসোসিয়েশনের (বিপিএমসিএ) আবেদনের পরিপ্রেক্ষিতে সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় এ সিদ্ধান্ত গ্রহণ করেছে। স্বাস্থ্য অধিদফতর বরাবর ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ৪০ নম্বর পাওয়ার বাধ্যবাধকতা শিথিলের দাবি করে কয়েকটি চিকিৎসক সংগঠনের নেতৃবৃন্দ। কিন্তু মেডিক্যাল শিক্ষার মানের বিষয়টি বিবেচনা করে তা মেনে নেয়নি স্বাস্থ্য মন্ত্রণালয়।

বিপিএমসিএ মহাসচিব ও কুমিল্লা ইস্টার্ন মেডিক্যাল কলেজের মালিক শাহ মোঃ সেলিম জানান, এদেশের কিছু বেসরকারী মেডিকেল কলেজ বিদেশী শিক্ষার্থীদের কাছে দারুণ চাহিদার। গত বছর পর্যন্ত প্রতিকরা ৪০ ভাগ আসনে বিদেশী শিক্ষার্থী ভর্তির কোটা নির্ধারিত থাকায় চাহিদা সত্ত্বেও ভর্তিচ্ছু সবাইকে তারা ভর্তি করতে পারেননি বলে জানান শাহ মোঃ সেলিম। স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা আগামী ১৮ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। এবারও ভর্তি পরীক্ষার ন্যূনতম পাস নম্বর ৪০ বহাল থাকছে। অন লাইনে ভর্তি পরীক্ষার আবেদন জমা দেয়ার শেষ তারিখ শেষ হয়েছে গত ১ সেপ্টেম্বর। অন লাইনে টাকা জমার শেষ তারিখ হয় গত ২ সেপ্টেম্বর। প্রবেশপত্র বিতরণ করা হবে আগামী ১৪ সেপ্টেম্বর। স্বাস্থ্য অধিদফতর জানায়, দেশে বর্তমানে ২৯টি সরকারী মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সে ৩১৬২টি আসন এবং ৬৪টি বেসরকারী মেডিক্যাল কলেজে ৫৩২৫টি আসন রয়েছে।